**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 27 Oct 2025** **TIME: 7:35 AM**

==========================================================

নারী শিক্ষার ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে মূখ্যমন্ত্রীর নিযুত মইনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের অধীনে আজ ছাত্রীদের মধ্যে চেক বিতরণ করা হবে । উচ্চ শিক্ষা লাভের ক্ষেত্রে রাজ্যের ১০ লক্ষ কন্যা শিক্ষার্থীদের সুবিধার্থে রাজ্য সরকার এই পদক্ষেপ গ্রহণ করেছে । এই প্রকল্পের মাধ্যমে কলেজে নাম ভর্তির সংখ্যা বৃদ্ধি , বাল্যবিবাহ তথা কিশোরীদের মাতৃত্ব প্রতিরোধ , প্রত্যেকটি কন্যা শিশুর শিক্ষা স্বাস্থ্য ও সুরক্ষা সুনিশ্চিত  হয়েছে । ২০২৪-২৫ বর্ষে এই প্রকল্পের অধীনে এক লক্ষ ৬০ হাজার ছাত্রীকে ১৩৩ কোটি টাকা প্রদান করা হয়েছিলো এবং ২০২৫-২৬ বর্ষে তিন লক্ষ ৫০ হাজার ছাত্রীকে নিযুত মইনা প্রকল্পের সুবিধা প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । আজ সরুসজাই অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে এই প্রকল্পের চেক বিতরণের কেন্দ্রীয় কার্যসূচী অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার  হিন্দিভাষী অধ্যুষিত এলাকা এবং চা বাগান অঞ্চলে ছট পূজা উৎসাহ-উদ্দিপনার মধ্য দিয়ে পালন করা হচ্ছে ।

ছট পূজার আজ তৃতীয় দিন দুপুর আড়াইটে থেকে ‘প্রথম অর্ঘ্য’ নদী বা জলাশয়ের ঘাটে অর্পণ করা হবে এবং আগামীকাল ভোরবেলা ‘দ্বিতীয় অর্ঘ্য’ দিয়ে পূজা সম্পন্ন হবে ।

। কাছাড় জেলায় ছট পূজা উপলক্ষে বরাক নদীর অন্নপূর্ণা ঘাট, সদরঘাট, বরমবাবার মন্দির, শিলচর এন আই টি’র জলাশয় সহ বিভিন্ন জলাশয়ের ঘাটগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । শ্রীভুমি ও হাইলাকান্দি জেলায়ও ছটপূজা উপলক্ষে নদীর ঘাট এবং জলাশয়গুলিতে পূজার আয়োজন করা হয়েছে ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার হিন্দিভাষী অধ্যুষিত এলাকা এবং চা বাগান অঞ্চলে ছট পূজা উৎসাহ-উদ্দিপনার মধ্য দিয়ে পালন করা হচ্ছে । ছট পূজার আজ তৃতীয় দিন দুপুর আড়াইটে থেকে ‘প্রথম অর্ঘ্য’ নদী বা জলাশয়ের ঘাটে অর্পণ করা হবে এবং আগামীকাল ভোরবেলা ‘দ্বিতীয় অর্ঘ্য’ দিয়ে পূজা সম্পন্ন হবে ।

। কাছাড় জেলায় ছট পূজা উপলক্ষে বরাক নদীর অন্নপূর্ণা ঘাট, সদরঘাট, বরমবাবার মন্দির, শিলচর এন আই টি’র জলাশয় সহ বিভিন্ন জলাশয়ের ঘাটগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । শ্রীভুমি ও হাইলাকান্দি জেলায়ও ছটপূজা উপলক্ষে নদীর ঘাট এবং জলাশয়গুলিতে পূজার আয়োজন করা হয়েছে ।

---

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট পূজা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে পাঠানো এক বার্তায় শ্রী মোদী এই উৎসবের জন্য ব্রত পালন করা এবং উৎসব উদযাপন করা সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । প্রধানমন্ত্রী বলেন যে- এই উৎসব বিশ্বাস এবং সংযমের প্রতীক ।

আসামের রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য ছটপূজা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । এই পূজা বিশ্বাস, পবিত্রতা, নিষ্ঠা এবং গভীর সাংস্কৃতিক ঐতিহ্যের সঙ্গে আধাত্মিক মূল্যবোধকে প্রতিফলিত করে বলে রাজ্যপাল শ্রী আচার্য মত প্রকাশ করেন ।

---

আসাম সরকার রাজ্যের সর্বোচ্চ অসামরিক সম্মান- আসাম বৈভব, আসাম সৌরভ এবং আসাম গৌরবের জন্য মনোনয়ন পত্র আহ্বান করেছে । বিভিন্ন ক্ষেত্রে অনবদ্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই সম্মান প্রদান করা হয় । কোনো ব্যক্তি নিজেকে বা অন্য কোনো ব্যক্তিকেও এই সম্মানের জন্য মনোনীত করতে পারবেন । assamcivilianawards.assam.gov.in এই পোর্টালের মাধ্যমে লাভ করা মনোনয়নগুলিকেই শুধুমাত্র বৈধ বলে বিবেচনা করা হবে । এই মনোনয়ন জমা করার অন্তিম দিন আগামী কুড়ি নভেম্বর ধার্য করা হয়েছে ।

---

আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীন পাঁচ হাজার ৫৫০ টি এম ই শিক্ষক পদের দ্বিতীয় প্রাথমিক মেধা তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে । এ সম্পর্কে দাবী আপত্তি থাকলে আজ থেকে আগামী তিনদিন পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ে অভিযোগ দাখিল করা যাবে । সে অনুসারে আজ শ্রীভূমি জেলার প্রার্থীরা ,আগামী ২৯ শে অক্টোবর হাইলাকান্দি জেলার প্রার্থীরা এবং ৩০ শে অক্টোবর কাছাড় জেলার প্রার্থীরা প্রাথমিক সঞ্চালকালয়ে সকাল ১০ টা থেকে বিকেল ৫ টার মধ্যে দাবী আপত্তি দাখিল করতে পারবেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ থেকে আগামী দোসরা নভেম্বর পর্যন্ত ভিজিল্যান্স সপ্তাহ পালন করা হবে । সপ্তাহব্যাপী কার্যসূচীর প্রথম দিন আজ সকাল ১১টায় সব সরকারী কার্যালয়ে স্বচ্ছতা ও সততার উপর শপথ গ্রহণ করা হবে । এবছর ভিজিল্যান্স সপ্তাহ পালনে মূল বিষয় বস্তু হল - 'ভিজিল্যান্স : আমাদের সবার ভাগ করা দায়িত্ব' ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন পরিচালিত বাংলা ভাষা ডিপ্লোমা কোর্সের নবম শিক্ষা বর্ষের নবীন বরন অনুষ্ঠান গতকাল শিলচর বঙ্গ ভবনে অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ব বিদ্যালয়ের বরিষ্ঠতম অধ্যাপক তথা বিজ্ঞানী অশোক সেন । গল্পকার বদরুজ্জামন চৌধুরী এবং কাছাড় কলেজের বাংলা বিভাগের প্রধান অধ্যাপক সুদীপ কুমার দাস বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । আসাম সরকার অনুমোদিত বরাক বঙ্গের ডিপ্লোমা কোর্সে চলতি শিক্ষা বর্ষে প্রবেশিকা পরীক্ষা এবং সাক্ষাৎকার ভিত্তিক মূল্যায়নের পর মোট ৫৩২ জন ভর্তি হয়েছেন ।

---

রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের প্রবীন কার্যকর্তা তথা বিশিষ্ট শিক্ষাবিদ বঙ্ক বিহারী দাস গতকাল সকালে পশ্চিম বড়জালেঙ্গা গ্রামের নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । তার বয়স হয়েছিল ৭৩ । বঙ্ক বিহারী দাস নরসিংপুর প্রখণ্ডের সংঘ চালক এবং নরসিংপুর সরস্বতী বিদ্যানিকেতনের প্রধান আচার্য পদে দায়িত্ব পালন করে গেছেন । ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---